

...

সভাপতি	প্রকৌ. খালেদা বেগম মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৯/০৬/২০২২ খ্রি:
সভার সময়	অপরাহ্ন ০২:৩০ ঘটিকা।
স্থান	মহাব্যবস্থাপক (সিএনজি), আরপিজিসিএল এর দাপ্তরিক কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-‘ক’

**কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্ত গঠিত টিমের
২০২১-২০২২ বছরের ৫ম সভার কার্যবিবরণী।**

ইনোভেশন টিমের সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা **পরিশিষ্ট-‘ক’** তে দৃষ্টব্য।

২.০ আলোচনাঃ

২.১ ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ক আলোচনা :

গত ২৯-০৩-২০২২ ইং তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। অধ্যকার সভার শুরুতে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। সভায় অবহিত করা হয় যে, পূর্ববর্তী সভার সবগুলো সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। সময়মত সিদ্ধান্ত গুলো বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং পরবর্তী সময়ে এভাবেই গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন হবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

২.২ ৪র্থ ত্রৈ-মাসিক প্রতিবেদন এর উপর আলোচনা :

সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং **প্রতিবেদন** স্বাক্ষরিত। প্রতিবেদনের আলোকে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) অর্জিত সূচক ২২.৫০।

স্বাক্ষরিত প্রতিবেদনটি পেট্রোবাংলায় প্রেরণ করা যেতে পারে।

২.৩ বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নিয়ে আলোচনা :

সভায় জানানো হয় যে, ১৫ই জুলাই তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে পেট্রোবাংলার ইনোভেশনটিম ও এপিএ টিম বরাবর প্রেরণ করতে হবে। এতদ লক্ষ্যে কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর স্বমূল্যায়ন করা হয়। বার্ষিক স্বমূল্যায়নে ৫০ এর মধ্যে মোট অর্জিত সূচক ৫০.০। কর্মপরিকল্পনায় মোট সূচক অর্জিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

প্রতিবেদনটি প্রমাণকসহ যথাসময়ে পেট্রোবাংলায় প্রেরণের করা যেতে পারে।

২.৪ অন্যান্য আলোচনা:

ক) www.ratioenothi.cngrpgcl.com ওয়েব পোর্টালের মাধ্যমে কোম্পানির সকল দপ্তরের নথির হিসাব আপলোড হচ্ছে। কিন্তু এতে জুন-২০২২ পর্যন্ত সময়ের হিসাব আপলোড এর সুযোগ রয়েছে। এদিকে ২০২২-২৩ বছরের পরিকল্পনাতেও নথির হিসাব অন্তর্ভুক্ত রয়েছে। কাজেই পরবর্তী বছরের তথ্য আপলোড করতে হলে বর্ণিত ওয়েব পোর্টালটি আপগ্রেড করতে হবে। সভায় আরো জানানো হয় যে, ই-নথি সিস্টেমে গত জানুয়ারী-২০২২ হতে এলএনজি বিভাগে "প্রকিউরমেন্ট অফ ইনডিভিজুয়াল লিগ্যাল কনসালটেন্ট প্রকল্প" নামে একটি দপ্তর যুক্ত হওয়ায় www.ratioenothi.cngrpgcl.com ওয়েব সাইটে তা যুক্ত করা প্রয়োজন।

খ) অধ্যকার সভায় ২০২২-২৩ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বিষয়টি উত্থাপিত হয়। নতুন বছরের পরিকল্পনা নিয়ে ব্যাপক আলোচনা প্রয়োজন বিধায় এ বিষয়ে আলাদা একটি সভা আয়োজনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।

৩.০ সিদ্ধান্ত :

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রম.	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) অগ্রগতি প্রতিবেদন যথা সময়ে পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।	ইনোভেশন কমিটি।
৩.২	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রমাণকসহ কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে পেট্রোবাংলার ইনোভেশনটিম ও এপিএ টিম বরাবর প্রেরণ করতে হবে।	ইনোভেশন কমিটি।
৩.৩	২০২২-২৩ বছরের নথির হিসাব প্রদানের সুযোগ রেখে এবং এলএনজি বিভাগের "প্রকিউরমেন্ট অফ ইনডিভিজুয়াল লিগ্যাল কনসালটেন্ট প্রকল্প" দপ্তরটি যুক্ত করে www.ratioenothi.cngrpgcl.com ওয়েব পোর্টালটি আপগ্রেড করতে হবে।	ইনোভেশন কমিটি।
৩.৪	২০২২-২৩ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন নিয়ে ১ম সভা পবিত্র ঈদুল-আযহার ছুটির পরপর আয়োজন করতে হবে।	ইনোভেশন কমিটি।

৪.০ আর কোন আলোচনার বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.১৯.০০০০.৬০৩.৯৯.০০৪.১৮.১৩২

তারিখ: ২৩ আষাঢ়. ১৪২৯

০৭ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, আরপিজিসিএল।
- ২) মহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল, ঢাকা।
- ৩) ই-গভর্ন্যান্স/ইনোভেশন টিম-আরপিজিসিএল।
- ৪) উপমহাব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।
- ৫) ব্যবস্থাপক (সকল), আরপিজিসিএল।
- ৬) উপব্যবস্থাপক, (আইসিটি) [ওয়েবসাইট আপলোডকরণের অনুরোধসহ]।



প্রকৌ. খালেদা বেগম
মহাব্যবস্থাপক (অপারেশন) (অতিরিক্ত দায়িত্ব)